# বাংলাদেশ মেরিটাইম ইউনিভার্সিটি

## রেজিস্ট্রার দপ্তর (সংস্থাপন শাখা)

১৪/৬-১৪/২৩, পল্লবী, মিরপুর-১২, ঢাকা-১২১৬, মোবাঃ ০১৭৬৯-৭২১০১০
ই-মেইল: regoffice@bmu.edu.bd, ওয়েব: www.bmu.edu.bd

বিজ্ঞপ্তি নম্বর:বিএমইউ/রেজি-৩৩৬/২৫/০২ তারিখ: ৩০/০৬/২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ২০১৩ সনের ৪৭ নং আইন দ্বারা প্রতিষ্ঠিত বাংলাদেশ মেরিটাইম ইউনিভার্সিটি-এর জন্য নিম্নবর্ণিত শূন্য পদসমূহে কর্মকর্তা ও কর্মচারী নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে আবেদনপত্র আহবান করা যাইতেছে:

| ক্রমিক নং | পদের নাম, পদসংখ্যা, গ্রেড ও বেতনস্কেল | সর্বোচ্চ বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১. | সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা -০১ (এক)<br><br>(গ্রেড-১০, বেতনস্কেল ১৬,০০০-৩৮,৬৪০/-) | ৩২ বৎসর | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে হিসাব বিজ্ঞান/ফাইন্যান্স/ ম্যানেজমেন্ট/মার্কেটিং/ব্যবসায় শিক্ষা বিষয়ে ৪ (চার) বছর মেয়াদী স্নাতক ডিগ্রি। উচ্চতর ডিগ্রি/প্রশিক্ষণ/কম্পিউটার ব্যবহারে দক্ষতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকারযোগ্য;<br><br>(খ) **অভিজ্ঞতা:** কোন পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে হিসাব সংরক্ষণ কাজে ৪ বৎসর চাকুরির অভিজ্ঞতা;<br><br>(গ) সংশ্লিষ্ট বিষয়ে যোগ্য ও অভিজ্ঞ সামরিক বাহিনীর (অব:) সদস্যগণও আবেদন করিতে পারিবেন এবং তাহাদের ক্ষেত্রে বয়:সীমা শিথিলযোগ্য। |
| ২. | গ্রাফিক্স ডিজাইনার-০১ (এক)<br><br>(গ্রেড-১০, বেতনস্কেল ১৬,০০০-৩৮,৬৪০/-) | ৩২ বৎসর | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বছর মেয়াদী স্নাতক ডিগ্রি। কম্পিউটার ব্যবহারে প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে;<br><br>(খ) **অভিজ্ঞতা:** কোনো পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি/আধা-সরকারি/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে/বৃহৎ প্রতিষ্ঠানে গ্রাফিক্স ডিজাইনিং এ ৪ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে;<br><br>(গ) সংশ্লিষ্ট বিষয়ে যোগ্য ও অভিজ্ঞ সামরিক বাহিনীর (অব:) সদস্যগণও আবেদন করিতে পারিবেন এবং তাহাদের ক্ষেত্রে বয়:সীমা শিথিলযোগ্য। |
| ৩. | ল্যাবরেটরি টেকনিশিয়ান -০১ (এক)<br><br>(গ্রেড-১৩, বেতনস্কেল ১১,০০০-২৬,৫৯০/-) | ৩২ বৎসর | (ক) **শিক্ষাগত যোগ্যতা: বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক পাস।** সংশ্লিষ্ট বিষয়ে কোনো ভোকেশনাল ট্রেনিং ইনস্টিটিউট হইতে ডিপ্লোমা সম্পন্নকারী প্রার্থী অগ্রাধিকারযোগ্য;<br><br>(খ) **অভিজ্ঞতা:** সংশ্লিষ্ট কাজে ৩ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে;<br><br>(গ) সংশ্লিষ্ট বিষয়ে যোগ্য ও অভিজ্ঞ সামরিক বাহিনীর (অব:) সদস্যগণও আবেদন করিতে পারিবেন এবং তাহাদের ক্ষেত্রে বয়:সীমা শিথিলযোগ্য। |
| ৪. | ড্রাইভার (ভারী ও মধ্যম) - ০৩ (তিন)<br><br>(গ্রেড-১৫, বেতনস্কেল ৯,৭০০-২৩,৪৯০/-) | ৩৫ বৎসর | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** জেএসসি/৮ম শ্রেণি/সমমান পাসসহ বিআরটিএ-এর ভারী ও মধ্যম লাইসেন্সধারী হইতে হইবে;<br><br>(খ) **অভিজ্ঞতা:** ভারী ও মধ্যম গাড়ি চালনায় ন্যূনতম ৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতা। ভারী গাড়ি চালনায় অধিক বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য;<br><br>(গ) মোটর ড্রাইভিং-এ সমযোগ্যতা সম্পন্ন অভিজ্ঞ সামরিক বাহিনী/বিজিবি/আনসার ও ভিডিপির (অব:) সদস্যগণও আবেদন করিতে পারিবেন এবং তাহাদের ক্ষেত্রে বয়:সীমা শিথিলযোগ্য। |

*** জাতীয় বেতন-স্কেল, ২০১৫ অনুযায়ী বেতন-স্কেল উল্লেখ করা হইয়াছে। সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত জাতীয় বেতন-স্কেল বিশ্ববিদ্যালয়ের জন্যও সমভাবে প্রযোজ্য হইবে।**

## শর্তাবলি:

১। **আগ্রহী প্রার্থীদের স্বহস্তে পুরণকৃত ০২ (দুই) সেট আবেদনপত্র ৩০ জুলাই ২০২৫ তারিখের মধ্যে রেজিস্ট্রার, বাংলাদেশ মেরিটাইম ইউনিভার্সিটি, মিরপুর-১২, ঢাকা-১২১৬ ঠিকানায় ডাকযোগে/সরাসরি অফিস সময়ের মধ্যে পৌছাইতে হইবে। আবেদন ফরমসমূহ এই বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.bmu.edu.bd বা রেজিস্ট্রার অফিস হইতে সংগ্রহ করা যাইবে। প্রার্থীত পদের নাম খামের উপর স্পষ্টাক্ষরে উল্লেখ করিতে হইবে। আবেদনপত্রের সহিত প্রার্থীর বর্তমান/যোগাযোগের ঠিকানাসহ ১০ টাকার ডাকটিকেট সম্বলিত ফেরত খাম সংযুক্ত করিতে হইবে।**

২। **বাংলাদেশ মেরিটাইম ইউনিভার্সিটি-এর অনুকূলে যেকোন তফসিলি ব্যাংক হইতে ১-২ নং পদের জন্য ২০০/০০ (দুইশত) টাকা এবং ৩-৪ নং পদের জন্য ১০০/০০ (একশত) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে। আবেদনপত্রে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর, ব্যাংকের নাম, শাখা, টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করিতে হইবে।**

৩। প্রার্থীকে আবেদনপত্রের সহিত সদ্যতোলা পাসপোর্ট সাইজের ০৫ (পাঁচ) কপি রঙিন সত্যায়িত ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, অভিজ্ঞতার সনদপত্র, **জাতীয় পরিচয়পত্র,** নাগরিকত্ব সনদপত্র ও কোটাধারী প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত অনুলিপি জমা প্রদান করতে হবে। মৌখিক পরীক্ষার সময় সকল কাগজপত্রের মূলকপি প্রদর্শন করিতে হইবে।

৪। **বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে প্রার্থীর বয়:সীমা সর্বোচ্চ সীমার মধ্যে থাকিতে হইবে।** বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে উচ্চতর পদে আবেদনের জন্য বয়:সীমা প্রযোজ্য নহে। বিভাগীয় প্রার্থী বলতে এই বিশ্ববিদ্যালয়ে সংশ্লিষ্ট পদে কর্মরত স্থায়ী কর্মকর্তা/কর্মচারী।

৫। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। **অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ভুল তথ্য সম্বলিত** অথবা **বিলম্বে প্রাপ্ত** আবেদনপত্রসমূহ বাতিল বলিয়া গণ্য হইবে। আবেদনপত্রের উপর কোন ধরনের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হইবে। আবেদনপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৬। অত্র বিশ্ববিদ্যালয়ের অধ্যয়নের মাধ্যম ইংরেজি বিধায় প্রার্থীর ইংরেজিতে পারদর্শিতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে গণ্য হইবে।

৭। লিখিত পরীক্ষার তারিখ ডাকযোগে পত্র মারফত, এসএমএস ও বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে এবং ব্যবহারিক/মৌখিক পরীক্ষার তারিখ এসএমএস ও বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের মাধ্যমে জানানো হইবে।

৮। **যেকোন সরকারি চাকুরি হইতে বরখাস্ত কিংবা অপসারিত হইলে তাহা অযোগ্যতা হিসেবে বিবেচিত হইবে।**

৯। গ্রেডিং পদ্ধতির সঙ্গে বিভাগ/শ্রেণির সমতাকরণের ক্ষেত্রে এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার জিপিএ'র জন্য শিক্ষা মন্ত্রণালয়ের-শিম/শা:১১/১৯-১/২০০৭/১৭৪ সংখ্যক প্রজ্ঞাপন, তারিখ ০২ মার্চ ২০১০ এবং বিশ্ববিদ্যালয়ের পরীক্ষার সিজিপিএ'র জন্য শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শা:১১/৫-১(অংশ)/৫৮২ সংখ্যক প্রজ্ঞাপন, তারিখ ০২ জুন ২০০৯-এর (২) (ক), (খ) ও (গ) অনুসৃত হইবে।

১০। **চাকুরিরত প্রার্থীদের অবশ্যই স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।**

১১। বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাস চট্টগ্রাম (৫নং মোহরা ওয়ার্ডের হামিদচর এলাকার মৌজা চর রাঙ্গামাটিয়া ও বাকলিয়া, থানা: বন্দর, জেলা: চট্টগ্রাম)-এ নির্মাণাধীন। বিশ্ববিদ্যালয় ২০২৬-এ স্থায়ী ক্যাম্পাসে (চট্টগ্রাম) স্থানান্তরিত হতে পারে।

১২। কর্তৃপক্ষ প্রয়োজনে পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

১৩। প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য হইতে হইবে। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হইলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়িলে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করিলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করিলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হইবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হইবে।

**রেজিস্ট্রার**
**বাংলাদেশ মেরিটাইম ইউনিভার্সিটি**